112

দৈনিক ইনকিলাব

তারিখ 27 FEB 1998
পৃষ্ঠা ৩ কলাম ৪

# এ বছরও রাজশাহী শিক্ষা বোর্ডের প্রচুর ছাত্র-ছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারবে না

**রাজশাহী অফিস :** কলেজ ও শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের অবহেলা, উদাসীনতা এবং কম্পিউটার জটিলতার কারণে এ বছর ও প্রচুর ছাত্র-ছাত্রী এইচএসসি পরীক্ষা দেয়া থেকে বঞ্চিত হবে। আগামী ৭ মার্চ ফরম ফিলাপের শেষ তারিখ হলেও নিয়মিত এসব ছাত্র-ছাত্রীদের অদ্যাবধি রেজিস্ট্রেশন হয়নি। রাজশাহী সরকারী মহিলা কলেজের একজন ছাত্রীর অভিভাবক গভীর উদ্বেগ প্রকাশ করে জানান যে, তার মেয়েসহ শুধুমাত্র এই সরকারী কলেজটিতে এ ধরনের ১০ জন ছাত্রী রয়েছে। যারা ১৯৯৬ সালে এইচএসসি পাস করে ১৯৯৬-৯৭ শিক্ষা বর্ষে এই কলেজে ভর্তি হয়। ভর্তির সময় তারা রেজিস্ট্রেশন ফিসহ অন্যান্য ফি যথারীতি জমা দিয়েছে। দীর্ঘ দু'বছর তারা নিয়মিত ক্লাস করে তারা নির্বাচনী পরীক্ষাতেও উত্তীর্ণ হয়েছে। এরপর এসব ছাত্রীদের রেজিস্ট্রেশনের অজুহাতে পরীক্ষা দিতে না দেয়া হলে তাদের শিক্ষা জীবনের এখানেই ছেদ পড়বে।

অভিভাবক মহল ও রাজশাহী বোর্ড কর্তৃপক্ষের এহেন উদাসীনতায় চরম ক্ষোভ প্রকাশ করে বলেছেন, গত বছরও বোর্ড কর্তৃপক্ষ এবং কলেজগুলোর মধ্যে টার্গ অব ওয়ারের কারণে হাজার হাজার পরীক্ষার্থীর ফলাফল বাতিল করা হয়। এজন্য এক পক্ষ অপর পক্ষকে দায়ী করলেও সম্পূর্ণ খেসারত দিতে হয় সাধারণ ছাত্র-ছাত্রীদের।

পরবর্তীতে মামলা ও ছাত্র আন্দোলনের চাপের মুখে বোর্ড কর্তৃপক্ষ এসব পরীক্ষার্থীর ফলাফল প্রকাশ করে। এ বছরও তারা একই ঘটনার পুনরাবৃত্তি ঘটাতে চায়।

একজন অভিভাবক কলেজ ও বোর্ড কর্তৃপক্ষের এহেন কার্যকলাপে চরম উদ্বেগ প্রকাশ করে বলেছেন, পরীক্ষা দিতে না পেরে তার মেয়ের আত্মহত্যার আশংকা রয়েছে। তার মেয়ে যাতে এ বছরই পরীক্ষা দিতে পারে সে জন্য তিনি বোর্ড এবং কলেজ কর্তৃপক্ষকে ত্বরিত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েছেন।